

জন্ম হয় না, মৃত্যু হয় না

আমার ভালোবাসার কোনো জন্ম হয় না

মৃত্যু হয় না—

কেননা আমি অশ্রুরকম ভালোবাসার হীরের গয়না

শরীরে নিয়ে জন্মেছিলাম।

আমার কেউ নাম রাখেনি, তিনটে-চারটে ছদ্মনামে

আমার ভ্রমণ মর্ত্যধামে,

আগুন দেখে আলো ভেবেছি, আলোয় আমার

হাত পুড়ে যায়

অন্ধকারে মাহুষ দেখা সহজ ভেবে ঘূর্ণিমায়

অন্ধকারে মিশে থেকেছি

কেউ আমাকে শিরোপা দেয়, কেউ হুঁচোখে হাজার ছি ছি

তবুও আমার জন্ম-কবচ, ভালোবাসাকে ভালোবেসেছি

আমার কোনো ভয় হয় না,

আমার ভালোবাসার কোন জন্ম হয় না, মৃত্যু হয় না ॥

কিশোর ও সন্ন্যাসিনী

ফকির সাহেবের প্রাচীন মাজারের কাছাকাছি আস্তানা গেড়েছিলেন সন্ন্যাসিনী

একটি কিশোর তার অন্ন দূরে এসে দাঁড়াতো

আগরতলার ইজের ও চেন লাগানো হলুদ গেঞ্জি

পা ছুটো ফাঁক করা, চুলে সর্বের তেলের বাস

ছাখো, চিনতে পারো সেই কিশোরকে